

## আপনার পাম্প এবং ওয়ারেন্টি সম্বন্ধীয় প্রয়োজনীয় তথ্যাদি

আমাদের এই পাম্প সর্বাধুনিক কারিগরী নৈপুণ্যে ও গুণগত মান বজায় রেখে তৈরী করা হয়েছে। আপনার এই ক্রয় দীর্ঘদিন পানি সরবরাহ নিশ্চিত করবে। বিস্তারিত তথ্যের জন্য আপনি আমাদের সার্ভিস ডিপার্টমেন্টের সাহায্য নিন। সাবমার্সিবল পাম্প ক্রয়ের দিন হতে পরবর্তী ২৪ মাস এবং অন্যান্য পাম্প ক্রয়ের দিন হতে ৩৬ মাস যে কোন ধরনের উৎপাদনজনিত ত্রুটি বিনামূল্যে মেরামত অথবা বদলানো ওয়ারেন্টির আওতায় থাকবে।

### ১. পাম্প নষ্ট হওয়ার প্রধান কারণসমূহ :

- সঠিক মানের ভোল্টেজ না থাকলে। যেমনঃ সিঙ্গেল ফেইজের ক্ষেত্রে 220 Volt থেকে 230 Volt এবং থ্রি ফেইজের ক্ষেত্রে (380 Volt - 415 Volt) ত্রুটিপূর্ণ ভাবে পাম্প ও মোটর স্থাপন করলে।
- পাম্পকৃত পানিতে বালি, কাদা, আয়রন ও নুড়ি পাথর থাকলে।
- পাম্প পানি ছাড়া দীর্ঘক্ষণ চললে।

### ২. পাম্প ও মটর রক্ষণাবেক্ষণের উপায়ঃ

- সঠিক মাত্রায় ভোল্টেজ আছে কিনা ভোল্টমিটার দ্বারা নিশ্চিত হয়ে পাম্প চালানো।
- পাম্পের মোটর অংশে যাতে কোনভাবে পানি প্রবেশ না করে তা নিশ্চিত করা।
- থ্রি ফেইজ পাম্প স্থাপন এর সময় ফেইজ ফেইলিউর প্রোটেকশন এবং ওভার লোড রিলে ব্যবহার করা।
- দীর্ঘদিন অব্যবহৃত পাম্প চালানোর সময় এর ফ্যান ও শ্যাফট ঘুরিয়ে দেখে চালু করা।
- সকল বৈদ্যুতিক কানেকশন টার্মিনালের তারগুলো হোল্ডারের স্ক্রু'র সাথে মজবুতভাবে লাগানো, যাতে লুজ কানেকশন দ্বারা স্পার্ক সৃষ্টি না হয়।
- সাবমার্সিবল পাম্প-এর ক্ষেত্রে পানিতে বালি, কাদা ও আয়রনের মাত্রা অধিক না হয়।

### ৩. ওয়ারেন্টির শর্তাবলীঃ

- সারফেস পাম্পের ক্ষেত্রে ৩ বছর এবং সাবমার্সিবল পাম্পের ক্ষেত্রে ২ বছর ফ্রী সার্ভিস।
- ক) ১ বছরের স্পেয়ার পার্টস Replacement গ্যারেন্টি।
- খ) ১ বছরের মোটর কয়েলের ফ্রী ওয়াইন্ডিং।

পাম্প ও মোটরের সকল উৎপাদনজনিত ত্রুটি প্রদত্ত ওয়ারেন্টির আওতাভুক্ত হবে। কোন অবস্থাতেই ওয়ারেন্টি দ্বারা অন্যান্য ক্ষতিপূরণের জন্য সম্ভাব্য অনুরোধ বুঝাবে না।

- পাম্প বিক্রয়ের চালান/ বিল/ ওয়ারেন্টি কার্ড (যথাযথতথ্য সম্বলিত) বিক্রয় দলিল হিসাবে বিবেচিত হবে। ভুল বিদ্যুৎ সংযোগ, ত্রুটিপূর্ণ স্থাপন এবং উপযুক্ত সতর্কতা অবলম্বনে ব্যর্থতার ফলে পাম্প ও মোটর নষ্ট হলে প্রদত্ত ওয়ারেন্টি কার্যকর হবে না। খুচরা যন্ত্রাংশের অপ্রাপ্যতার জন্য ওয়ারেন্টি সেবা বিলম্বিত হলে এর জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

### ৩.১ নিম্নোক্ত ক্ষেত্রে ওয়ারেন্টির আওতা স্বীকৃত নয়ঃ

- পাম্পকৃত পানিতে বালি, কাদা, আয়রন ও ক্ষতিকর রাসায়নিক পদার্থ দ্বারা ক্ষয় ও ঘর্ষণের ফলে পাম্প ও মোটর নষ্ট হলে- ড্রেনেজ পাম্পের ক্ষেত্রে নির্দিষ্ট কিছু মডেলের পাম্প ব্যতীত।
- থ্রি ফেইজ পাম্পের ক্ষেত্রে ফেইজ ফেইলিউর ও সঠিক মানের ওভার লোড রিলে ব্যবহার না করলে।
- হর্স পাওয়ার ও বিদ্যুৎ উৎস হতে দূরত্ব অনুযায়ী সঠিক মানের পাওয়ার ক্যাবল ব্যবহার না করলে।
- সারফেস পাম্পের মোটরে পানি ঢুকে কয়েল পুড়ে গেলে।
- সাবমার্সিবল পাম্প পানির লেভেল থেকে ৪০-৫০ ফুট এর বেশি নিচে স্থাপন করলে।
- সাবমার্সিবল পাম্প এর বোরিং পাম্পের ডায়ার দ্বিগুণ এর বেশি হলে, পাম্পের মোটরের গায়ে কুলিং কেসিং ব্যবহার না করলে।
- পাম্প ক্রয়ের সময় ওয়ারেন্টি কার্ড সঠিক ভাবে পুরন করে নিতে হবে এবং ওয়ারেন্টির আওতায় সেবা নেওয়ার ক্ষেত্রে অবশ্যই ওয়ারেন্টি কার্ড প্রদর্শন করতে হবে।
- বজ্রপাতের কারণে মোটর, কন্ট্রোল বক্স, তার/ক্যাবল ইত্যাদি ক্ষতিগ্রস্ত হলে।